

মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১১৩১

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদিস] (مسند علي بن أبي طالب) (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ، حَدَّثَنِي عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْلٍ، عَنْ مُحَمَّدِ بْنِ عُثْمَانَ، عَنْ زَادَانَ عَنْ عَلَيِّ، قَالَ: سَأَلَتْ حَدِيجَةُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ وَلَدِيهِنَّ مَا تَأْتَى لَهَا فِي الْجَاهِلِيَّةِ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "هُمَا فِي النَّارِ". قَالَ: فَلَمَّا رَأَى الْكَرَاهِيَّةَ فِي وَجْهِهَا قَالَ: "لَوْ رَأَيْتَ مَكَانَهُمَا لَأَبْغَضْتُهُمَا" قَالَتْ: يَا رَسُولَ اللَّهِ، فَوَلَدِي مِنْكَ؟ قَالَ: "فِي الْجَنَّةِ" قَالَ: ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "إِنَّ الْمُؤْمِنِينَ وَأَوْلَادَهُمْ فِي الْجَنَّةِ، وَإِنَّ الْمُشْرِكِينَ وَأَوْلَادَهُمْ فِي النَّارِ" ثُمَّ قَرَأَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَالَّذِينَ آمَنُوا وَاتَّبَعُتُمْ ذُرِّيَّتَهُمْ بِإِيمَانِهِنَّ أَلْحَقْنَا بِهِمْ ذُرِّيَّاتَهُمْ (1))

[الطور: 21]

إسناده ضعيف لجهة محمد بن عثمان، قال الذهبي في "الميزان" 3/642: لا يدرى من هو، فتشتت عنه في أماكن، وله خبر منكر، ثم ساق هذا الحديث عن عبد الله بن أحمد بهذا الإسناد، وقال ابن الجوزي في "جامع المسانيد" - كما في "كنز العمال" 2/512: في إسناده محمد بن عثمان لا يقبل حدثه، ولا يصح في تعذيب الأطفال الحديث. وانظر "فتح الباري" 246-3/247

وأخرجه ابن أبي عاصم في "السنة" (213) عن عثمان بن أبي شيبة، بهذا الإسناد وأورده الهيثمي في "المجمع" 7/217 وقال: رواه عبد الله بن أحمد، وفيه محمد بن عثمان ولم أعرفه، وبقية رجاله رجال الصحيح

১১৩১। আলী (রাঃ) বলেছেন, খাদীজা (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করলেন, জাহিলী যুগে তার যে দুটো সন্তান মারা গেছে, তাদের কী পরিণাম হবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তারা জাহানামে যাবে। এর ফলে তিনি যখন তার চেহারায় অসন্তোষের চিহ্ন দেখলেন তখন তাকে বললেন, তুমি যদি এই দুটি সন্তান তখন কোথায় আছে দেখতে, তাহলে তাদেরকে অপছন্দ করতে। খাদীজা বললেন, ইয়া রাসূলুল্লাহ, তবে আপনার ওরস থেকে আমার যে সন্তান হয়েছে? তিনি বললেন, জান্নাতে।

অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, মুমিনরা ও তাদের সন্তানরা জান্নাতে যাবে। আর মুশরিকরা ও তাদের সন্তানরা জাহানামে যাবে। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরআনের আয়াত পাঠ করলেনঃ “আর যারা ঈমান এনেছে এবং তাদের সন্তানরা ঈমানের সাথে তাদের অনুসরণ করেছে, তাদের সাথে তাদের সন্তানদেরকে আমি যুক্ত করবো।”

হাদিসের মান: যদ্দের (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67677>

© হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন